# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 26-07-2025** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) বাংলাভাষী পরিযায়ী শ্রমিকদের হেনস্তা করা হচ্ছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর আনা অভিযোগ হরিয়ানা সরকার খারিজ করে দিয়েছে।

২) মুখ্যমন্ত্রী আবারাও বিজেপির বিরুদ্ধে ভাষা সন্ত্রাসের অভিযোগ এনেছেন।

৩) নির্বাচনী তালিকা সংশোধন নিয়ে অপপ্রচার ও আতঙ্ক তৈরি করা হচ্ছে বলে বিজেপি অভিযোগ করেছে।

৪) রাজ্যপালের ডাকা আজকের বৈঠকে ২০ জন উপাচার্য গর হাজির থাকায় তাদের শোকজ করা হচ্ছে।

৫) আগামীকাল প্রধানমনন্ত্রী মন কি বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।

৬) কলকাতা প্রিমিয়ার লীগ ফুটবলে মরশুমের প্রথম ডার্বি ম্যাচে ইস্টবেঙ্গল চিরপ্রতিদ্বন্দ্বী মোহনবাগানকে ৩-২ গোলে হারিয়ে দিয়েছে।

---

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর আনা বাংলাভাষী পরিযায়ী শ্রমিকদের ওপর হেনস্তার অভিযোগ হরিয়ানা সরকার খারিজ করে দিয়েছে। হরিয়ানার মুখ্যমন্ত্রী নায়েব সিং সাইনি এক্স হ্যান্ডেলে জানিয়েছেন, গুরগাঁও পুলিশ ১০ জন বাংলাভাষীকে তারা গ্রেপ্তার করেছে।

তারা  সকলেই বাংলাদেশী অনুপ্রবেশকারী। তাদের বাংলাদেশে ফিরিয়ে দেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে। তাঁর রাজ্যে বাংলাদেশী অনুপ্রবেশকারীর কোনো স্থান নেই এবং যত দ্রুত সম্ভব তাদেরকে দেশ থেকে বের করে দেওয়া হবে বলেও হরিয়ানার মুখ্যমন্ত্রী স্পষ্ট করে দিয়েছেন। তাঁর অভিযোগ, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর দেশের সুরক্ষার পক্ষে বিপজ্জনক ব্যক্তিদের প্রতি সহানুভূতি প্রদর্শন করছেন। যা কেবলমাত্র দুর্ভাগ্যজনক নয়, জাতীয় স্বার্থেরও পরিপন্থী। তিনি বলেছেন, একজন মুখ্যমন্ত্রী তোষণ এবং ভোটব্যাঙ্কের রাজনীতি করতে গিয়ে জাতীয় সুরক্ষার সঙ্গে আপোষ করছেন, যা অত্যন্ত নিন্দনীয়। ভারতের একতা, অখন্ডতা এবং সংবিধানের বিরুদ্ধে কোনো সমঝোতা হরিয়ানা তো বটেই, গোটা দেশও মেনে নেবেনা।

------------------

এদিকে, এক আন্তর্জাতিক মানবাধিকার সংগঠনের রিপোর্টকে হাতিয়ার করে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানর্জী ফের কেন্দ্রীয় সরকার তথা বিজেপির বিরুদ্ধে ভাষা সন্ত্রাসের অভিযোগ এনেছেন। নিজের এক্স হ্যান্ডেলে মুখ্যমন্ত্রী অভিযোগ করেন, বিজেপির প্রত্যক্ষ মদতে সারা রাজ্যে বাংলাভাষী মানুষদের লক্ষ্য করে আক্রমণ চলছে, যা এই আন্তর্জাতিক মানবাধিকার সংগঠনের রিপোর্টে স্পষ্ট হয়ে উঠেছে। হিউম্যান রাইটস ওয়াচ নামের ঐ সংগঠনের রিপোর্টে দাবি করা হয়েছে, অসম, গুজরাট, মহারাষ্ট্র দিল্লী সহ একাধিক রাজ্যে বাংলা ভাষী বহু ভারতীয় নাগরিককে বেআইনীভাবে বিদেশী ঘোষণা করে দেশ থেকে তাড়ানোর চেষ্টা চলছে। মুখ্যমন্ত্রী বলেন, এটা শুধু নিন্দনীয় নয়, সাংবিধানিক অপরাধ।

------------------

নির্বাচনী তালিকা সংশোধন নিয়ে অপপ্রচার ও আতঙ্ক তৈরি করা হচ্ছে বলে বিজেপি অভিযোগ করেছে। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার আজ কলকাতায় সাংবাদিকদের বলেন, নির্দিষ্ট সময় অন্তর ভোটার তালিকায় সংশোধন করা নির্বাচন কমিশনের কাজ। মুখ্যমন্ত্রী বিহারে ৫৬ লক্ষ ভোটারের নাম বাদ যাওয়া নিয়ে সরব হলেও এদের মধ্যে ২০ লক্ষের বেশি মৃত এবং ২৮ লক্ষের বেশি বিহার ছেড়ে অন্যত্র চলে গেছে।

ভিন রাজ্যে বাঙালি পরিযায়ী শ্রমিকদের হেনস্থা নিয়ে শ্রী মজুমদার বলেন, সংশ্লিষ্ট রাজ্যগুলি পরিযায়ী শ্রমিকদের তালিকা তৈরি করে, তারা ভারতীয় কিনা যাচাই করতে পশ্চিমবঙ্গ সরকারের কাছে পাঠিয়েছিল। তবে রাজ্য সরকার সে বিষয়ে কোনো উদ্যোগ নেয়নি বলে শ্রী মজুমদারের অভিযোগ।

অন্যদিকে ১৪ বছর ক্ষমতায় থাকার পরেও মুখ্যমন্ত্রীকে বাংলা ও বাঙালি ইস্যুতে সরব হতে হচ্ছে কেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সে বিষয়ে প্রশ্ন তুলেছেন। রাজ্যের মানুষকে এখনো চিকিৎসার জন্য দক্ষিণ ভারতের যেতে হচ্ছে কেন সে বিষয়েও বিরোধী দলনেতা প্রশ্ন তোলেন।

-------------------

নব নিযুক্ত বুথ লেভেল অফিসার, Supervisor দের নতুন কাজের দায়িত্ব বুঝিয়ে দিতে কলকাতার নজরুল মঞ্চে আজ একটি কর্মশালার আয়োজন করা হয়। দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা উত্তর, কলকাতা দক্ষিণ ও হাওড়ার প্রায় ৯০০ জন নব নিযুক্ত BLO ও Supervisor রা এই কর্মসুচিতে যোগ দেন বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রের খবর। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক দিব্যেন্দু দাস, বিজিত ধর, উপ মুখ্য নির্বাচনী আধিকারিক

সুমন্ত রায়, দক্ষিণ ২৪ পরগনার জেলা নির্বাচনী আধিকারিক সুমিত গুপ্তা এই কর্মশালায় বক্তব্য রাখেন।

-------------------

মুর্শিদাবাদের লালগোলা থানার অন্তর্গত চোয়াপাড়া এলাকায় জাল আধার কার্ড ও জাতি শংসাপত্র তৈরির চক্রের হদিশ মিলেছে। বাংলাদেশে অনুপ্রবেশকারীদের জন্য সেখানে জাল আধার কার্ড বানিয়ে দেওয়া হত বলে পুলিশ সূত্রে জানা গেছে। এই ঘটনায় আবু সুফিয়ান ও শাহিন আখতার নামে দুজনকে গ্রেপ্তার করা হয়েছে। জেরক্সের দোকানের আড়ালে তারা এই সব নথিপত্র তৈরি করত। ধৃতদের আজ লালবাগ আদালতে তোলা হলে পাঁচ দিনের পুলিশ হেফাজত হয়েছে। এই চক্রের সঙ্গে আরও কারা জড়িত রয়েছে, তার সন্ধান করছে পুলিশ।

-------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু কল্যাণী এইমসের প্রথম সমাবর্তনে যোগ দিতে আগামী বুধবার ৩০ শে জুলাই রাজ্যে আসছেন। দিল্লি থেকে বায়ুসেনার বিশেষ বিমানে করে বুধবার সকালে কলকাতা বিমানবন্দরে পৌঁছনোর পর শ্রীমতি মুর্মু  হেলিকপ্টারে সরাসরি কল্যাণী যাবেন। দীক্ষান্ত ভাষণের পর বিকেলে তাঁর দক্ষিণেশ্বর মন্দিরে পুজো দিতে যাওয়ার কথা। রাজভবনে রাত্রিবাসের পর বৃহস্পতিবার বিশিষ্ট ব্যক্তিদের সঙ্গে রাষ্ট্রপতির দেখা করার কর্মসূচী রয়েছে। তারপর সেদিন দুপুরে কলকাতা থেকে তিনি ঝাড়খণ্ডের দেওঘরের উদ্দেশে রওনা হবেন।

এই সফর ঘিরে কলকাতা এবং কল্যাণী, দুই জায়গাতেই কড়া নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে।

-------------------

সুপ্রিম কোর্টে রাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয় উপাচার্য নিয়োগ সংক্রান্ত মামলার শুনানির আগে আচার্য তথা রাজ্যপাল সি ভি আনন্দ বোস আজ রাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয় উপাচার্যদের সঙ্গে বৈঠকে বসেন। নেতাজি ওপেন ইউনিভার্সিটি, ম্যাকাউট ইউনিভার্সিটি, সংস্কৃতি ইউনিভার্সিটি, রবীন্দ্রভারতী, রায়গঞ্জ, ডায়মন্ড হারবার, ওয়েস্ট বেঙ্গল স্টেট ইউনিভার্সিটি এবং বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় মিলিয়ে মোট নটি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যরা বৈঠকে উপস্থিত ছিলেন। বিশ্ববিদ্যালয় পরিচালনা নিয়ে প্রশাসনিক আলোচনার পাশাপাশি পঠন-পাঠন নিয়েও বৈঠকে ফলপ্রসু আলোচনা হয়েছে বলে রাজভবন সূত্রে জানা গিয়েছে।

এদিকে, ২৯ টি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্যকে বৈঠকে ডাকা হলেও মাত্র ৯ জন উপস্থিত হওয়ায় রাজ্যপাল সি ভি আনন্দ বোস ক্ষোভ প্রকাশ করেছেন। তিনি সাংবাদিকদের বলেন, অন্যান্য উপাচার্য্যরা কেন বৈঠকে হাজির হলেন না, তার কারণ দর্শাতে বলা হয়েছে। ব্যাখ্যা সন্তোষজনক না হলে ঐ উপাচার্যদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়াও তিনি হুঁশিয়ারি দেন।

বাইট

-------------------

২৮ শে আগস্ট তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবসে নির্ধারিত পরীক্ষা সূচি অনুযায়ী হবে বলে কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য শান্তা দত্ত জানিয়েছেন। তৃণমূল ছাত্র পরিষদ আজ অভিযোগ করেছে, ২৮ আগস্ট বি এ এল এল বি এবং বি কমের চতুর্থ সেমিস্টারের পরীক্ষার তারিখ ফেলা হয়েছে। এটি রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত।

এই অভিযোগ খারিজ করে দিয়ে উপাচার্য বলেন, সরকারি ছুটির দিন দেখে পরীক্ষা ফেলা হয়। রাজনৈতিক কর্মসূচি দেখতে গেলে সব দলের কর্মসূচি দেখতে হবে। পরীক্ষা সূচি অনুযায়ী হবে বলে তিনি স্পষ্ট করে দিয়েছেন।

-------------------

নারী নির্যাতনের অপরাধে কঠোরতম শাস্তির লক্ষ্যে রাজ্য বিধানসভায় পাশ হওয়া অপরাজিতা বিল-২০২৪ নিয়ে প্রশ্ন তুলে তা রাজ্যপাল, রাজ্য সরকারের কাছে ফেরত পাঠিয়েছেন। গতকালই রাজভবনের তরফে এক বিবৃতিতে জানানো হয়, কেন্দ্রীয় সরকার অপরাজিতা বিলে প্রস্তাবিত কয়েকটি সংশোধনী নিয়ে নিজেদের আপত্তি তথা পর্যবেক্ষণ রাজ্যপালকে জানিয়েছে। তারপরই রাজভবন সূত্রে সরকারের কাছে বিলটি ফেরত পাঠানোর কথা জানানো হয়।

-------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৪-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

-------------------

আজ কার্গিল বিজয় দিবস। এই উপলক্ষ্যে রাজ্যের বিভিন্ন স্থানে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

সেনাবাহিনীর ত্রিশক্তি কোরের তরফে আজ শিলিগুড়ির শুকনা মিলিটারি স্টেশনে বীর জওয়ানদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়।

পূর্ব বর্ধমানের কালনার কোয়াল ডাঙ্গায় কারগিল স্মৃতি সৌধে পুষ্পার্ঘ্য নিবেদন করে শ্রদ্ধা নিবেদন করার পর আয়োজিত হয় বসো আঁকো প্রতিযোগিতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান।

ভারত সরকারের ক্রীড়া ও যুব কল্যাণ দপ্তরের অন্তর্গত মাই ভারত হুগলী-র উদ্যোগে হুগলী জেলার পান্ডুয়া ব্লকের মৈচি গ্রামে কার্গিল বিজয় দিবস উদযাপন করা হয়েছে। আটচালা গ্রুপের সহযোগিতায় এই অনুষ্ঠানে পদযাত্রা, বৃক্ষরোপণ, সেমিনার ও ক্যুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। সাধারণ ছাত্রছাত্রীদের সামনে কার্গিল যুদ্ধে বীর সেনানীদের বীরত্বের কথা তুলে ধরা হয়।

------------------

ভারত সরকারের ক্রীড়া ও যুব কল্যাণ দপ্তরের অন্তর্গত মাই ভারত হুগলী-র উদ্যোগে হুগলী জেলার পান্ডুয়া ব্লকের মৈচি গ্রামে কার্গিল বিজয় দিবস উদযাপন করা হয়েছে। আটচালা গ্রুপের সহযোগিতায় এই অনুষ্ঠানে পদযাত্রা, বৃক্ষরোপণ, সেমিনার ও ক্যুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। সাধারণ ছাত্রছাত্রীদের সামনে কার্গিল যুদ্ধে বীর সেনানীদের বীরত্বের কথা তুলে ধরা হয়।

------------------

আজ বিশ্ব ম্যানগ্রোভ দিবস। এই উপলক্ষে কলকাতার বিড়লা কারিগরি ও শিল্প সংগ্রহশালা এবং সুন্দরবনের কয়েকটি জায়গায় বেশ কিছু অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ওয়েস্ট বেঙ্গল রেডিও ক্লাবের পক্ষ থেকে আজ সুন্দরবনের চরঘেরি- গোসাবায় একটি অনুষ্ঠানে দুর্যোগ কবলিত এলাকার বাসিন্দাদের হ্যাম রেডিওর সঙ্গে যুক্ত হওয়ার আহ্বান জানানো হয়। পরিবেশ ও প্রকৃতি রক্ষায় ম্যানগ্রোভের গুরুত্বপূর্ণ ভূমিকার ওপর জোর দেন বক্তারা। রেডিও ক্লাবের সম্পাদক অম্বরিশ নাগ বিশ্বাস, এক বিবৃতিতে জানিয়েছেন, ম্যানগ্রোভ রোপণ, বীজ বপন ও সংরক্ষণ অত্যন্ত জরুরী। সুন্দরবন বাঁচাতে বেশি করে ম্যানগ্রোভ রোপণের আহ্বান জানান তিনি।

উপকূলীয় অঞ্চলের জীববৈচিত্র্য ও বাস্তুতন্ত্রের সঙ্গে ম্যানগ্রোভ অরণ্যের গুরুত্ব জনমানসে তুলে ধরতে ইউনেস্কো ২০১৫ সালে এই দিনটি উদযাপনের কথা ঘোষণা করে।

-------------------

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ওপর তৈরি হওয়া গভীর নিম্নচাপটি এখন উত্তর ছত্তিশগড় ও সংলগ্ন ঝাড়খন্ডের কাছে অবস্থান করলেও মৌসুমী অক্ষরেখা পুরুলিয়া ও কাঁথি হয়ে পূর্ব মধ্য বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত থাকায় এবং বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি হওয়ায় আগামী ৫ দিন দক্ষিণবঙ্গে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। কোথাও কোথাও বজ্র বিদ্যুৎ সহ ভারী বৃষ্টি হতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন।

বাইট

তবে সোমবার থেকে বেশ কয়েকটি জেলায় বৃষ্টির পরিমাণ বাড়তে পারে বলে জানিয়েছেন তিনি।

------------------

কল্যানী স্টেডিয়ামে কলকাতা প্রিমিয়ার ফুটবল লিগে মরসুমের প্রথম ডার্বিতে ইস্টবেঙ্গল মোহনবাগান সুপারজায়ান্টকে ৩-২ গোলে হারিয়ে দিয়েছে। ম্যাচের নবম মিনিটে জেসিন টিকের দেওয়া গোলে এগিয়ে যায় ইস্টবেঙ্গল। প্রথমার্ধের সংযুক্ত সময়ে ব্যবধান বাড়ান সায়ন ব্যানার্জী। দ্বিতীয়ার্ধে ম্যাচের ৫৫ মিনিটে মোহনবাগানের হয়ে প্রথম গোল করেন লিওয়ান কাসটানহা, ৬৭ মিনিটে সবুজ মেরুনের হয়ে দ্বিতীয় গোল করে খেলায় সমতা ফেরান কিয়ান নাসিরি। ৬৯ মিনিটে লাল হলুদের হয়ে তৃতীয় তথা জয়সূচক গোলটি করেছেন লালহানসাঙ্গা। ম্যাচের একেবারে শেষ লগ্নে ইস্টবেঙ্গলের আমন সিকে লাল কার্ড দেখেন।

------------------ ------------------